



भारतीय रिज़र्व बैंक  
RESERVE BANK OF INDIA  
www.rbi.org.in

RBI/2016-17/37  
FIDD.CO.Plan.BC.10/04.09.01/2016-17

আগস্ট 11, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক /  
মুখ্য কার্যনির্বাহী আধিকারিক  
[সমস্ত তফশীলভুক্ত বাণিজ্যিক ব্যাংক  
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ব্যতীত)]

মহাশয়া/প্রিয় মহাশয়,

**ঋণ সংক্রান্ত আর্থিক লেনদেন ফ্যাক্টরিং-এর জন্য অগ্রাধিকারের ক্ষেত্রগুলিতে ঋণ-এর বিদ্যমান অবস্থা**

অনুগ্রহ করে অগ্রাধিকারের ক্ষেত্রগুলিতে ঋণ (Priority Sector Lending (PSL)) সংক্রান্ত ভারতীয় রিজার্ভ ব্যাংকের জারি করা বিশেষ নির্দেশিকা FIDD.CO.Plan.1/04.09.01/2016-17 দিনাঙ্ক জুলাই 7, 2016 এবং বাণিজ্যে লব্ধ কমিশন পদ্ধতি (Trade Receivables Discounting System (TReDS)) প্রতিষ্ঠা এবং কার্যকর করার ডিসেম্বর 3, 2014 তারিখাঙ্কিত নির্দেশিকা দেখুন।

2. MSME ক্ষেত্রে নগদী অর্থের সহায়তা বৃদ্ধির জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ব্যাংকগুলির ঋণ সংক্রান্ত আর্থিক লেনদেনের ‘প্রয়োজনের (‘with recourse’) ভিত্তিতে’ করা ফ্যাক্টরিং যা বিভাগীয় আদানপ্রদান হিসাবে সম্পন্ন করা হয়েছে সেগুলি “অগ্রাধিকারের ক্ষেত্র” এই শ্রেণীভুক্ত হওয়ার যোগ্য বিবেচিত হবে। বাণিজ্যে লব্ধ কমিশনের (TReDS) মাধ্যমে করা ফ্যাক্টরিং আদানপ্রদান, পদ্ধতিটির কার্যকরী হওয়ার শর্তে “অগ্রাধিকারের ক্ষেত্র” এই শ্রেণীভুক্ত হওয়ার যোগ্য বিবেচিত হবে।

3. অগ্রাধিকারের ক্ষেত্রগুলিতে ঋণ সংক্রান্ত বিশেষ নির্দেশিকা দিনাঙ্ক জুলাই 7, 2016 –এর অধ্যায় III-এর অনুচ্ছেদ 7 –এ ব্যাংকগুলি বিবরণী জমা দেওয়ার দিনে, তাদের বকেয়া ফ্যাক্টরিং সম্বন্ধীয় তথ্য শ্রেণীবিভাজন করতে পারে যেখানে ফ্যাক্টরিং আদানপ্রদানের হস্তান্তরকারী, একটি ক্ষুদ্র, ছোট বা মাঝারি সংস্থা, শুধুমাত্র সরঞ্জাম ও যন্ত্রপাতি / আনুষঙ্গিক যন্ত্রে স্ব স্ব বিনিয়োগ সীমা এবং অগ্রাধিকারের ক্ষেত্রগুলির বিভাজনের উপর বিদ্যমান অন্যান্য সম্বন্ধীয় নির্দেশিকায় উল্লেখিত সীমা পর্যন্ত।

4. এই প্রসঙ্গে আরো উল্লেখ করা হচ্ছে যে, ব্যাংকগুলির দ্বারা ফ্যাক্টরিং পরিষেবা সুবিধা –পর্যালোচনা সংক্রান্ত ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগের সারকুলার DBR.No.FSD.BC.32/24.01.007/2015-16 দিনাঙ্ক July 30, 2015-এর অনুচ্ছেদ 9 –এ, অন্যান্য বিষয় সহ, উল্লেখ অনুসারে ঋণগ্রহণকারীর ব্যাংক, ডবল ফিনান্সিঙ্গ / কাউন্টিঙ্গ এডিয়ে চলার জন্য ঋণগ্রহণকারীর কাছ থেকে ফ্যাক্টরিং-এর মাধ্যমে লব্ধ অর্থসংক্রান্ত সময়ভিত্তিক শংসাপত্রও চাইতে পারে। উপরন্তু, ডবল ফিনান্সিঙ্গ এডিয়ে যাওয়ার দায়িত্ব নিয়ে ফ্যাক্টরিংদের সম্বন্ধিত ব্যাংককে নিশ্চিতভাবে ঋণগ্রহণকারীর ঋণের অনুমোদিত সীমা এবং ফ্যাক্টরিং করা দেনার বিশদ জানাতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ.উদগাতা)

প্রধান মুখ্য মহা প্রবন্ধক